

# আমি একজন অভিবাসী

# নিউ ইয়র্কবাসী। আমি কি ভোট দিতে পারব?

**এগুলি হলে আপনি ভোট দেওয়ার জন্য রেজিস্টার করতে পারবেন:**

- ✓ নাগরিকত্ব প্রদানের মাধ্যমে মার্কিন নাগরিক হয়ে থাকলে
- ✓ আপনার মার্কিন নাগরিক পিতামাতার মাধ্যমে মার্কিন নাগরিক হয়ে থাকলে
- ✓ পুয়ের্তো রিকো বা অন্যান্য মার্কিন অঞ্চলে জন্মেছেন এমন মার্কিন নাগরিক হলে

এই বছরের শেষে আপনার বয়স **অন্তত 18 বছর হতে হবে** এবং **নির্বাচনের দিনের** অন্তত 30 দিন আগে থেকে নিউ ইয়র্কের বাসিন্দা হতে হবে।

**আপনি এইসব ক্ষেত্রে ভোট দিতে পারবেন না:**

- ✗ নাগরিকত্ব প্রদানের জন্য আবেদন করেছেন কিন্তু প্রক্রিয়া সম্পূর্ণ হয়নি
- ✗ গ্রিন কার্ড আছে
- ✗ ভিসা বা অন্য ধরনের অভিবাসন স্থিতি আছে বা কোন অভিবাসন স্থিতি নেই
- ✗ **শর্তাধীন মুক্তিতে** আছেন (গভর্নরের থেকে শর্তসাপেক্ষে ক্ষমা না পাওয়া পর্যন্ত), **গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হয়ে জেলে আছেন**, বর্তমানে রায়ে অযোগ্য প্রমাণিত হয়েছেন বা **অন্য কোন স্টেটে ভোট দেওয়ার পরিকল্পনা আছে।**

নিউ ইয়র্ক স্টেটে ভোট দেওয়ার রেজিস্ট্রেশন করার সব শর্ত পূরণ করে থাকলে এখানে যান: [www.voting.nyc](http://www.voting.nyc)

ভোট দেওয়ার জন্য রেজিস্টার করতে আপনার ইংরেজিতে সাবলীল হওয়ার প্রয়োজন **নেই**।

ভোটার রেজিস্ট্রেশন ফর্ম এইসব ভাষায় উপলভ্য: **ইংরেজী, আলবেনিয়ান, আরবী, ইতালিয়ান, ইন্দিশ বা উর্দু, কোরিয়ান, গ্রীক, চীনা, তেগালগ, পোলিশ, ফরাসি, বাংলা, রাশিয়ান, স্প্যানিশ, হাইতিয়ান ক্রেওল।**

**আপনি ভোট দেওয়ার জন্য রেজিস্টার করতে পারবেন কিনা তা নির্বিশেষে, আপনার কমিউনিটিতে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে অংশ নেওয়ার আবেদন উপায়গুলির জন্য এই কার্ডের অন্য পিঠে দেখুন!**

আপনি মার্কিন নাগরিক হওয়ার যোগ্য কিনা তা জানতে চাইলে [www.nyc.gov/citizenship](http://www.nyc.gov/citizenship) এ যান বা 311 নম্বরে ফোন করে “সিটিজেনশিপ অ্যাপয়েন্টমেন্ট (citizenship appointment)” বলুন।

# গণতন্ত্রে অংশ নিন!

গণতন্ত্রে অংশ নেওয়া মানে ভোট দেওয়ার থেকেও বেশি কিছু। সমস্ত নিউ ইয়র্কবাসী তাদের নাগরিকত্ব বা অভিবাসন স্থিতি নির্বিশেষে তাদের কমিউনিটিতে বিভিন্ন উপায়ে অংশ নিতে পারেন:



**আপনার স্থানীয় কমিউনিটি বোর্ডে যুক্ত হোন:** কমিউনিটি বোর্ড হল স্থানীয় গণতান্ত্রিক গোষ্ঠী যারা পাড়ার চাহিদা ও উদ্বেগ তুলে ধরে। [nyc.gov/cau](http://nyc.gov/cau) এ আপনার কমিউনিটি বোর্ড সম্পর্কে তথ্য খুঁজুন



**অংশগ্রহণমূলক বাজেট করার ক্ষেত্রে অংশ নিন:** অনেক পাড়ায়, NYC এর বাসিন্দারা কীভাবে সিটির তহবিল খরচ করা হবে তা নির্ধারণে সহায়তা করতে পারেন। [council.nyc.gov/pb](http://council.nyc.gov/pb) এ অংশগ্রহণমূলক বাজেট করা সম্পর্কে আরও জানুন



**শিক্ষা কাউন্সিলে যুক্ত হোন:** NYC এর সমস্ত পিতামাতা তাদের সন্তানদের স্কুল ডিস্ট্রিক্ট এবং শহর জুড়ে চারটি শিক্ষা কাউন্সিলের কমিউনিটি শিক্ষা কাউন্সিলে (CEC) অংশগ্রহণ করার জন্য যোগ্য। [nycparentleaders.org](http://nycparentleaders.org) এ আরও জানুন।



**রাজনৈতিক প্রচারে স্বেচ্ছাসেবী হিসেবে অংশ নিন:** আপনি ভোট দেওয়ার জন্য রেজিস্টার করতে না পারলেও, আপনি রাজনৈতিক প্রচারে স্বেচ্ছাসেবী হিসেবে অংশ নিতে পারেন। বর্তমান প্রার্থীদের একটি তালিকা এখানে রয়েছে: [voting.nyc](http://voting.nyc)



**আপনার কমিউনিটিতে স্বেচ্ছাসেবকের কাজ করুন:** আপনি সিটি বা কমিউনিটি ভিত্তিক সংস্থার জন্য স্বেচ্ছাসেবী হিসেবে অংশ নিতে পারেন। স্বেচ্ছাসেবী হিসেবে অংশ নেওয়ার সুযোগের জন্য [nyc.gov/service](http://nyc.gov/service) এ যান।